

৮০৯৯৯
৪

শিক্ষার মান নিরূপণে অ্যাক্রেডিটেশন কাউন্সিল গঠন করতে যাচ্ছে ইউজিসি

যুবির রহমান

দেশের পাবলিক ইউনিভার্সিটিগুলোর শিক্ষার মান বিচার করে গ্রেডিং করার জন্য অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর পাবলিক ইউনিভার্সিটি গঠন করতে যাচ্ছে ইউজিসি। ইতিমধ্যে এ কাউন্সিল গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে। এ কাউন্সিলের প্রধান কাজ হবে পাবলিক ইউনিভার্সিটিগুলোর মান নিরূপণ করা। মান নিরূপণ করে সেগুলোকে গ্রেডিং সিস্টেমে নিয়ে আসা হবে। অর্থাৎ কোনো ইউনিভার্সিটির শিক্ষার মান কি তা গ্রেডিং আকারে প্রকাশ করা হবে।

ইউজিসির একটি সূত্র জানায়, অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর পাবলিক ইউনিভার্সিটি গঠন করার লক্ষ্যে ইউজিসির চেয়ারম্যান, পাচজন পূর্ণাঙ্গ মেম্বর, সচিবকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কাউন্সিল কিভাবে গঠন করা হবে এবং তার কার্যাবলি কি ধরনের হবে তা নিয়ে শিগগিরই এ কমিটি আলোচনায় বসবে। ইতিমধ্যে শিক্ষার মান নিয়ন্ত্রণ সেল গঠন করা হয়েছে। এ কাউন্সিল স্বাধীনভাবে কাজ করতে হলে ইউজিসির ক্ষমতা আরো বাড়ানো প্রয়োজন বলে সূত্রটি জানায়। ইউজিসিকে হায়ার এডুকেশন কাউন্সিল (এইচইসি) হিসেবে প্রতিষ্ঠা করতে হবে। এ ধরনের প্রতিষ্ঠান

পাকিস্তানে আছে। পাবলিক ইউনিভার্সিটির জন্য অ্যাক্রেডিটেশন কাউন্সিল গঠন করা হলে, ইউনিভার্সিটিগুলোর মধ্যে একটি প্রতিযোগিতা শুরু হবে। উপ গ্রেডে থাকার জন্য সবাই চেষ্টা চালাবে। পৃথিবীর অনেক দেশেই এ ধরনের কাউন্সিল রয়েছে। তারা দেশের পাবলিক ইউনিভার্সিটিগুলোর গ্রেডিং করে থাকে। এ গ্রেডিং থেকে ইন্টারন্যাশনাল গ্রেডিং করা অনেক সহজ হয়।

উল্লেখ্য, ইতিমধ্যে প্রাইভেট ইউনিভার্সিটির শিক্ষার মান নিশ্চিত করার লক্ষ্যে অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর প্রাইভেট ইউনিভার্সিটি গঠন করা হয়েছে। যা শিক্ষা মন্ত্রণালয়ে পড়ে আছে। পাবলিক ও প্রাইভেট ইউনিভার্সিটির জন্য অ্যাক্রেডিটেশন কাউন্সিল গঠন করা হলে উচ্চ শিক্ষার গুণগত মান ও শিক্ষার ক্ষেত্রে সুশাসন ফিরে আসবে বলে সংশ্লিষ্টরা জানান। ইউজিসি এ লক্ষ্যে উচ্চ শিক্ষার মান নিয়ন্ত্রণ বিভাগ খোলারও চিন্তাভাবনা চালাচ্ছে।

জানা গেছে, দেশে উচ্চ শিক্ষার জন্য আলাদা কোনো প্রজেক্ট নেই। যা আছে তা নামমাত্র। দেশের পাবলিক ইউনিভার্সিটিগুলোতে কোয়ালিটিসম্পন্ন ল্যাব, লাইব্রেরির অভাব রয়েছে। বর্তমান শিক্ষা ব্যবস্থায় যা অতি প্রয়োজনীয়। কিন্তু

পাবলিক ইউনিভার্সিটির জন্য সরকারের নির্দিষ্ট পরিমাণ বাজেট থাকায় ইচ্ছা থাকে সন্তোষ এগুলোর উন্নয়নে কাজ করা যাচ্ছে না বলে পাবলিক ইউনিভার্সিটির কর্তৃপক্ষ জানান। পাবলিক ইউনিভার্সিটির শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য দাতা সংস্থালোকে এগিয়ে আসতে হবে।

ইউজিসির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম যায়যায়দিনকে বলেন, পাবলিক ইউনিভার্সিটিগুলোর তুলনামূলকভাবে শিক্ষার গুণগত মান বিচার করার লক্ষ্যে অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর পাবলিক ইউনিভার্সিটি গঠন করা হচ্ছে। এ নিয়ে ইউনিভার্সিটির ডিসিদের সঙ্গে আলোচনা করে এর খসড়া তৈরি করা হবে। তারপর কার্যক্রম শুরু করা হবে। তিনি বলেন, এ কাউন্সিল ইউনিভার্সিটির মান নিশ্চিত করা, বিভিন্ন বিষয় বা প্রোগ্রামের মান নিশ্চিত করা এবং ইউনিভার্সিটিগুলোর মান কি রকম তা নৃচকের সাহায্যে প্রকাশ করবে। নজরুল ইসলাম আশা প্রকাশ করে বলেন, এর ফলে পাবলিক ইউনিভার্সিটিগুলোর মধ্যে শিক্ষার মান উন্নয়নে এক প্রকার প্রতিযোগিতা সৃষ্টি হবে। শিক্ষার মান, শিক্ষকের এমনকি ছাত্রদের মান সম্পর্কেও জানা যাবে।